

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২২.৪১৭

তারিখ: ৬ অগ্রহাষণ ১৪৩০

২১ নভেম্বর ২০২৩


বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলা (রিট পিটিশন নং-৮৪৪৬/২০২৩ এবং ১২৭৪৩/২০২৩) পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদন/ম্যানেজিং কমিটির সভাপতি কে অব্যাহতি প্রদান করে পুনরায় সভাপতি নির্বাচন সংক্রান্ত আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র:নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১	৮৪৮৬/২০২৩	লালমনিরহাট জেলার হাতিবান্ধা উপজেলাধীন “আমঝোল উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটির সভাপতি কে অব্যাহতি প্রদান করে পুনরায় সভাপতি নির্বাচন সংক্রান্ত।	জনাব এম.জি মোস্তফা, সভাপতি, আমঝোল উচ্চ বিদ্যালয়, হাতিবান্ধা, লালমনিরহাট।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরসহ মোট ০৫ (পাঁচ) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
২	১২৭৪৩/২০২৩	দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন “দোয়ানিয়া উচ্চ বিদ্যালয়”-এর ম্যানেজিং কমিটি অনুমোদন সংক্রান্ত।	জনাব মো: আবু তাহের, নির্বাচিত অভিভাবক প্রতিনিধি, দোয়ানিয়া উচ্চ বিদ্যালয়, পার্বতীপুর, দিনাজপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরসহ মোট ০৯ (নয়) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলা (রিট পিটিশন নং-৮৪৪৬/২০২৩ এবং ১২৭৪৩/২০২৩) সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাটি ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২১-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান

চেয়ারম্যানের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২২.৪১৭/১(৩)

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩০

২১ নভেম্বর ২০২৩

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা

২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা



২১-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব